আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২৬ মে, ২০১৭ ০০:০০

# স্যাটেলাইট গ্রাউন্ড স্টেশন স্থাপন করল ব্র্যাক ইউনিভার্সিটি

**নিজস্ব প্রতিবেদক**

স্যাটেলাইট গ্রাউন্ড স্টেশন স্থাপন করল ব্র্যাক ইউনিভার্সিটি

দেশের প্রথম বিশ্ববিদ্যালয় হিসেবে স্যাটেলাইট গ্রাউন্ড স্টেশন স্থাপন করেছে ব্র্যাক ইউনিভার্সিটি। গতকাল বিশ্ববিদ্যালয়টির মহাখালী ক্যাম্পাসে স্টেশনটির উদ্বোধন করেন ব্র্যাকের চেয়ারপারসন ও ব্র্যাক ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টির চেয়ারপারসন স্যার ফজলে হাসান আবেদ। গ্রাউন্ড স্টেশনটি দেশের প্রথম বিশ্ববিদ্যালয় কর্তৃক তৈরি ন্যানো স্যাটেলাইট ‘ব্র্যাক অন্বেষা’র সঙ্গে যোগাযোগ স্থাপনে প্রস্তুত করা হয়েছে। গ্রাউন্ড স্টেশনটি ব্র্যাক ইউনিভার্সিটির মহাখালী ক্যাম্পাসের ৪ নম্বর ভবনের ছাদে স্থাপন করা হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন ব্র্যাক ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক সৈয়দ সাদ আন্দালিব।